



তারিখ: ১৪ ফেব্রুয়ারী ২০১৭

### প্রেস বিজ্ঞপ্তি

লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের গ্রাম্য সালিশে ফতোয়ার নামে বিচার বর্হিভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের রুলনিশি জারি

১৪ ফেব্রুয়ারী ২০১৭ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বর্হিভূত শাস্তি প্রদান সংক্রান্ত ঘটনার সাথে জড়িত চেয়ারম্যানের এরূপ শাস্তি প্রদান কেন অবৈধ ও আইনগত কর্তৃত্ব বর্হিভূত ঘোষণা করা হবে না ও তার বিরুদ্ধে কেন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে দায়িত্বে অবহেলার কারণে কেন আইনগত পদক্ষেপ নেয়া হবে না- এই মর্মে মহামান্য হাইকোর্ট বিভাগ এর বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি এ, কে, এম, সাহিদুল এর সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ স্ব-প্রণোদিত হয়ে রুলনিশি জারি করেছেন এবং সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এবং চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যানসহ আট জনকে কারণ দর্শাতে বলেছেন। উক্ত ঘটনার সাথে জড়িত চেয়ারম্যানের ও লক্ষীপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে আগামী ২২ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ আদালতে উপস্থিত হয়ে নিজ নিজ বক্তব্য প্রদানের জন্য আদালত নির্দেশনা প্রদান করেন। পাশাপাশি লক্ষীপুরের পুলিশ সুপারকে ফতোয়ার নামে বিচার বর্হিভূত সহিংসতার শিকার নারী ও পুরুষের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করার এবং উক্ত তারিখে ঘটনার সাথে জড়িতদের উপস্থিতি নিশ্চিত করার আদেশ প্রদান করেন।

উল্লেখ্য, গত ৩১ ডিসেম্বর ২০১৬ ইং তারিখ লক্ষীপুর জেলার কমলনগর উপজেলার চর মার্টিন ইউনিয়নের চেয়ারম্যান কর্তৃক গ্রাম্য সালিশে নারী ও পুরুষকে ফতোয়ার নামে বিচার বর্হিভূত শাস্তি প্রদান করেন। ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখ বিডি নিউজ ২৪.কম এ সংবাদটি প্রকাশিত হয়। উক্ত ঘটনাটি আজ ব্লাস্ট এর আইন উপদেষ্টা ও পরিচালক এস এম রেজাউল করিম উক্ত ঘটনাটি আদালতের নজরে আনলে মহামান্য আদালত উক্ত ঘটনাটিকে আমলে নেন। তাকে সহায়তা করেন ব্লাস্টের আইনজীবী শারমিন আক্তার।

বার্তা প্রেরক:

মাহবুবা আক্তার

উপ- পরিচালক (এডভোকেসী এন্ড কমিউনিকেশন), ব্লাস্ট

মোবাইল নং: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd